সাইনইন
ইউজার সাইনইন
ই-মেইল :
পাসওয়ার্ড :
পাসওয়ার্ড ভুলে গেলে এখানে ক্লিক করুন
সাইনইন
বন্ধ করুন ( ESC চাপুন অথবা বাইরে ক্লিক করুন )
| নিবন্ধিত হোন
তাপমাত্রা

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

বসুন্ধরা ওয়েট টিস্যু
সতেজতায় সবসময়
বসুন্ধরা গ্রুপ
www.bashundharagroup.com



ঢাকা, রবিবার, ১৯ জুন ২০১১, ০৫ আষাঢ় ১৪১৮, ১৬ রজব ১৪৩২



# তরুণ মুক্তিসেনা ছায়া সংসদের অধিবেশন অনুষ্ঠিত



রাজধানীর ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে গতকাল আবার ৭১ তরুণ মুক্তিসেনা ছায়া সংসদের অধিবেশন অনুষ্ঠিত হয়। মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সৌজন্যে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মুটকোর্ট সোসইটি এ অনুষ্ঠানের আয়োজন করে। এর সার্বিক তত্ত্বাবধানে ছিল সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

গত ২৮ এপ্রিল আবার তরুণ মুক্তিসেনা ক্যাম্প-২০১১'র অভিযাত্রার উদ্বোধন করা হয়। ইতোমধ্যে ৭টি বিভাগীয় ক্যাম্প সম্পন্ন করা হয়েছে, যাতে দেশের ৪৮টি বিশ্ববিদ্যালয় ও সম-পর্যায়ের প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। প্রতি বিভাগের শ্রেষ্ঠ অংশগ্রহণকারীদের নিয়ে জাতীয় কনভেনশন তথা ছায়া সংসদের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ক্যাপ্টেন (অব.) এ. বি. তাজুল ইসলাম। স্পিকারের দায়িত্ব পালন করেন, মুক্তিযোদ্ধা সংসদের চেয়ারম্যান মেজর জেনারেল (অব.) হেলাল মোর্শেদ খান বীর বিক্রম; সেক্টর কমান্ডারস ফোরামের সহ-সভাপতি মে. জে. (অব.) কে এম সফিউল্লাহ বীর উত্তম এবং একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির সহ-সভাপতি শহীদ জায়া শ্যামলী নাসরীন চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো. গোলাম সামদানী ফকির। অনুষ্ঠানে পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এয়ার কমোডর (অব.) ইশফাক ইলাহী চৌধুরী; সমাজকর্মী মালেকা খান; ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিনী; শহীদ বুদ্ধিজীবী সাংবাদিক সিরাজ উদ্দিন হোসেনের পুত্র, গবেষক তৌহিদ রেজা নুর; শহীদ বুদ্ধিজীবী ডা. আবদুল আলীম চৌধুরীর কন্যা ড. নুজহাত চৌধুরী। অধিবেশন শেষে শ্রেষ্ঠ অংশগ্রহণকারীদের পুরস্কার ও সনদপত্র প্রদান করা হয়। বিজ্ঞপ্তি